



Domestic and Family Violence Visa Support

গার্হস্থ্য এবং পারিবারিক সহিংসতা এবং আপনার ভিসা

- অস্ট্রেলিয়ায় গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতা একটি অপরাধ এবং কোনো অবস্থাতেই তা গ্রহণযোগ্য নয়।
- আমরা ভিসাধারীদেরকে কোনো পরিস্থিতিতে ভিসার ফলাফলের জন্য একটি আপত্তিজনক সম্পর্কে থাকতে উৎসাহিত করি না।
- ভিসা বাতিল করা জটিল এবং কেস-বাই-কেস ভিত্তিতে বিবেচনা করা হয়।
- একজন ব্যক্তির ভিসা প্রত্যাহ্যান বা বাতিল করার ক্ষমতা শুধুমাত্র মন্ত্রী বা একজন অর্পিত কর্মকর্তার (ডিপার্টমেন্টের) রয়েছে। গার্হস্থ্য এবং পারিবারিক সহিংসতার একজন অপরাধী কোন ব্যক্তির ভিসা বাতিল করতে পারে না।
- গার্হস্থ্য এবং পারিবারিক সহিংসতার একজন অপরাধীর নিজের ভিসা প্রত্যাহ্যান বা বাতিল হবার সম্ভাবনা রয়েছে।
- আপনি Visa Entitlement Verification Online (VEVO) এর মাধ্যমে অনলাইনে আপনার ভিসার অবস্থা চেক করতে পারেন। VEVO আপনাকে দেখাবে আপনার কাছে কোন ভিসা আছে, কখন এটির মেয়াদ শেষ হবে এবং এর সাথে সংযুক্ত কোন শর্তগুলো রয়েছে।
 - দেখুন: immi.homeaffairs.gov.au/visas/already-have-a-visa/check-visa-details-and-conditions/overview
- এটি গুরুত্বপূর্ণ যে ডিপার্টমেন্টের কাছে আপনার জন্য সর্বাধিক আপ-টু-ডেট যোগাযোগের বিস্তারিত বিবরণ রয়েছে, যেন আমরা আপনার ভিসা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যের ব্যাপারে যোগাযোগ করতে পারি।
- আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার নিজের ImmiAccount আছে, যেখানে আপনি যেকোনো বর্তমান বা ভবিষ্যতের ভিসা আবেদন পরিচালনা করতে পারবেন। এটি গুরুত্বপূর্ণ যে এটি একটি পৃথক ইমেল ঠিকানা এবং পাসওয়ার্ড দিয়ে প্রতিষ্ঠিত হয়েছে, যেখানে শুধুমাত্র আপনার অ্যাক্সেস রয়েছে।
 - দেখুন: online.immi.gov.au
- অভিবাসন ব্যবস্থা ঘেঁটে দেখা কঠিন হতে পারে, তাই আমরা আপনাকে একজন নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট বা আইনি অনুশীলনকারীর কাছ থেকে অভিবাসন সহায়তা চাইতে উৎসাহিত করি। কিছু সেবাপ্রদানকারী গার্হস্থ্য এবং পারিবারিক সহিংসতা এবং অভিবাসন সমস্যায় বিশেষজ্ঞ।
 - দেখুন: immi.homeaffairs.gov.au/help-support/who-can-help-with-your-application/overview
 - দেখুন: familyviolencelaw.gov.au/
- কিছু পার্টনার ভিসাধারী এবং আবেদনকারীরা তাদের স্থায়ী ভিসা মঞ্জুর করার জন্য পারিবারিক সহিংসতা (পারিবারিক সহিংসতার বিধান) সম্পর্কিত বিশেষ বিধানের অধীনে বিবেচনার জন্য আবেদন করতে পারেন।
 - দেখুন: immi.homeaffairs.gov.au/visas/domestic-family-violence-and-your-visa/family-violence-provisions
- আপনি যদি আপনার ভিসার অবস্থা সম্পর্কে উদ্বিগ্ন হন, তবে আপনি ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করতে পারেন যাতে আমরা আপনাকে আপনার ভিসার অবস্থার সমাধান করতে এবং সহায়তা পরিষেবার তথ্য প্রদান করতে সহায়তা করতে পারি।

আরও তথ্যের জন্য, দেখুন:

immi.homeaffairs.gov.au/visas/domestic-family-violence-and-your-visa